45

দৈনিক ইনকিলাব

তারিখ 10 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### সুষম শিক্ষা নীতি

বিশ্বের উন্নত দেশগুলোর ন্যায় আমাদের দেশেও শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ নীতিতে প্রাথমিক পর্যায়ের শিক্ষা বিস্তারের সুপরিকল্পিত পদ্ধতিটি বিশেষভাবে প্রশংসিত। যেমন— সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে সর্বস্তরের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পুস্তক বিতরণ ও খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী। এ দু'টি সুবিধা সত্যিই প্রাথমিক পর্যায়ে শিক্ষা প্রসারের যুগোপযোগী ব্যবস্থা। কিন্তু এ ব্যবস্থা শুধুমাত্র সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে সীমাবদ্ধ। প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় এবতেদায়ী মাদ্রাসায়ও দেশের প্রায় এক-তৃতীয়াংশ ছেলেমেয়ে লেখাপড়া করছে। কিন্তু কই তাদের জন্য এ সুবিধা কোথায়? তারা কি দেশের বঞ্চিত শিক্ষিত নাগরিক হয়ে শিক্ষিতের হার বাড়াবে না? যদি উত্তর হ্যাঁ-সূচক হয়, তবে কেন এ নীতি বৈষম্য? শিগ্‌গির সুপরিকল্পিত উপায়ে সুষম শিক্ষা নীতি প্রণয়নের মাধ্যমে সমগ্র জাতিকে শিক্ষা-উন্নতির চরম শিখরে পৌঁছে দিতে দায়িত্বশীল কর্তৃপক্ষের যুগোপযোগী ব্যবস্থা গ্রহণের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ আবুল হাসেম,
শিক্ষক, বাগরা দাঃ উঃ সিঃ মাদ্রাসা,
ডাকঃ- সালদানদী, কুমিল্লা।